



স্কটল্যান্ডের বিপক্ষে ফিরতে পারেন নেইমার: আনচেলত্তি



নেইমার। ছবি: সংগৃহীত

চোট কাটিয়ে ব্রাজিল দলে ফিরতে যাচ্ছেন নেইমার। গ্রুপপর্বের শেষ ম্যাচে স্কটল্যান্ডের বিপক্ষে তাকে মাঠে দেখা যেতে পারে বলে জানিয়েছেন কোচ কার্লো আনচেলত্তি।

মাংসপেশির চোটের কারণে প্রথম দুই ম্যাচে খেলতে পারেননি এই তারকা ফরোয়ার্ড। তবে আগামী সপ্তাহে তিনি অনুশীলনে ফিরবেন বলে আশা করা হচ্ছে, ফলে স্কটল্যান্ড ম্যাচে তার ফেরার সম্ভাবনা তৈরি হয়েছে।

এদিকে বিশ্বকাপে গুরুটা মিশ্র হয়েছে ব্রাজিলের। প্রথম ম্যাচে ড্র করার পর দ্বিতীয় ম্যাচে জয় তুলে নিয়ে গ্রুপে শীর্ষে আছে দলটি। ফলে শেষ ম্যাচে জয় নিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হওয়ার লক্ষ্যই মাঠে নামবে সেলেসাওরা।

কোচ আনচেলত্তি জানিয়েছেন, তারা এখনই নকআউট পর্ব নিয়ে ভাবছেন না। বরং স্কটল্যান্ডের বিপক্ষে ভালো খেলে জয় নিশ্চিত করাই মূল লক্ষ্য। একই সঙ্গে দলগত পারফরম্যান্সকে গুরুত্ব দিচ্ছেন তিনি।

অন্যদিকে ইনজুরির কারণে দুশ্চিন্তায় আছে ব্রাজিল শিবির। হাইতির বিপক্ষে ম্যাচে চোট পান রাফিনহা। তার শারীরিক অবস্থা জানতে আরও পরীক্ষা-নিরীক্ষা চলছে বলে জানিয়েছেন কোচ।